# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd


## কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৫-২৬/ ৭৮০২ তারিখঃ ১৫-০৬-২০২৬খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়।
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা/ আঞ্চলিক স্টাফ কলেজ।
৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/সকল আঞ্চলিক কার্যালয়।
৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **প্রস্তাবিত অর্থ বিল ২০২৬ মোতাবেক ১ জুলাই, ২০২৬ তারিখে আরদ্ধ করবর্ষের জন্য আয়কর হার প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

**উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।**

০২। ১১ জুন, ২০২৬ তারিখে মহান জাতীয় সংসদে উত্থাপিত অর্থ বিল ২০২৬ মোতাবেক ১ জুলাই, ২০২৬ তারিখে আরদ্ধ করবর্ষের জন্য আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ২(৬৯) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (Person) এর মধ্যে অনিবাসী বাংলাদেশিসহ সকল স্বাভাবিক ব্যক্তি (Individual) ও হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে মোট আয়ের উপর করহার নিম্নরূপ হবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ৩,৭৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | শূন্য |
| (খ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ১০% |
| (গ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ১৫% |
| (ঘ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% |
| (ঙ) পরবর্তী ২০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২৫% |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর-- | ৩০% |

**তবে শর্ত থাকে যে,**

| | |
|---|---|
| ক. | মহিলা করদাতা এবং ৬৫ (পয়ষট্টি) বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,২৫,০০০/- টাকা; |
| খ. | তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৫,০০,০০০/-টাকা; |
| গ. | গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং গেজেটভুক্ত জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত "জুলাই যোদ্ধা" করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৫,২৫,০০০ টাকা; |
| ঘ. | কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন; |
| ঙ. | ন্যূনতম করের পরিমাণ কোনভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হবে না ঃ **মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করলে ন্যূনতম করের পরিমাণ হবে ৫,০০০ (পাঁচ হাজার টাকা), তবে নতুন করদাতাগণের ক্ষেত্রে এরূপ ন্যূনতম করের পরিমাণ হবে ১,০০০ (এক হাজার টাকা);** |

করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমান তার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়করের পরিমান অপেক্ষা কম হলে অথবা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমান প্রযোজ্য ন্যূনতম আয়করের কম, শূন্য বা ঋণাত্মক হলেও করদাতাকে তার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

০৩। **বর্ণিত আয়কর হার মোতাবেক হিসাবায়নপূর্বক ৩০ জুন, ২০২৬ তারিখ সমাপ্ত ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য ব্যাংকে কর্মরত ও পিআরএল ভোগরত আয়কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের বৈতনিক আয়ের উপর আয়কর প্রদান করতে হবে।**

০৪। **কর রেয়াতঃ**
প্রস্তাবিত অর্থবিল, ২০২৬ এর দফা ৬০ এর মাধ্যমে আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৮ এর সংশোধনী আনা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী কর রেয়াতের পরিমান হবে-
ক) করযোগ্য আয়ের ৩% বা
খ) অনুমোদিত খাতে প্রকৃত বিনিয়োগের ১০% বা
গ) ৭.৫০ লক্ষ টাকা
**এই তিনটির মধ্যে যা কম।**

০৫। এমতাবস্থায় অর্থবছর ২০২৫-২০২৬ (০১-০৭-২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত) এর জন্য প্রদেয় নীট বৈতনিক আয়কর নির্ধারণের নিমিত্ত প্রত্যেক করযোগ্য করদাতা (পিআরএল ভোগরত সহ) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক এতদসঙ্গে সংযুক্ত কম্পিউটেশন শীট পূরণপূর্বক নিজ নিজ বৈতনিক আয়কর নির্ধারণ করবেন।

চলমান পাতা-২

০৬। কম্পিউটেশন শীট পূরণের মাধ্যমে নির্ধারিত (কম্পিউটেশন শীটের ঙ নং কলামে উল্লিখিত টাকা) **বৈতনিক আয়করের পরিমান থেকে জুলাই/২৫ হতে মে/২৬ পর্যন্ত কর্তনকৃত আয়কর বাদ দিয়ে অবশিষ্ট আয়করের টাকা জুন/২৬ মাসের বেতন হতে আবিশ্যিকভাবে কর্তন করতে হবে।** উক্ত কম্পিউটেশন শীট মোতাবেক নির্ধারিত প্রদেয় বৈতনিক আয়কর (কম্পিউটেশন শীটের ঙ নং কলামে উল্লেখিত টাকা) **সম্পূর্ণ কর্তন ব্যতিত জুন/২৬ মাসের বেতন প্রদান করা যাবে না। ব্যর্থতায় আয়কর আইন ২০২৩ এর ১৪৩ ধারা মোতাবেক বেতন প্রদানকারী/নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

০৭। **রেজিস্টার সংরক্ষণঃ**
প্রধান কার্যালয়ের প্রত্যেকটি বিভাগ, প্রত্যেকটি শাখা/কার্যালয় নিজ নিজ কর্মকর্তা/কর্মচারীদের কর্তনকৃত আয়করের একটি বৈতনিক আয়কর রেজিস্টার নিম্নোক্ত ছক মোতাবেক স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবেন।

ছক

| ক্রঃ | নাম | পদবি | পিএফ নম্বর | ই-টিআইএন | মাসের নাম | মূল বেতন | বোনাস/ এক্সগ্রেসিয়া | মোট আয়ের উপর কর | বিনিয়োগ রেয়াত | কর্তনকৃত কর | নীট প্রদেয় কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

০৮। **রিটার্ন দাখিলের সময়সীমাঃ**
প্রস্তাবিত অর্থবিল, ২০২৬ এর দফা ৯৫ এর মাধ্যমে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৭০ মোতাবেক (১) স্বাভাবিক ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবার করদাতা নিম্নবর্ণিত সারণির শর্তানুযায়ী আয়বর্ষ সমাপ্তি পরবর্তী সংশ্লিষ্ট করবর্ষের সময়ব্যাপী ১৭০ক-তে কর নির্ধারণের জন্য নিম্নবর্ণিতভাবে রিটার্ন দাখিল করতে পারবে, যথা-
(ক) নিম্ন সারণিতে উল্লিখিত সময়ের মধ্যে রিটার্ন দাখিলের ক্ষেত্রে করদাতা নিম্নবর্ণিত হারে কর প্রণোদনা প্রাপ্ত হবেন বা অতিরিক্ত কর পরিশোধ করবেন, যথাঃ-

| ক্রমিক | রিটার্ন দাখিলের সময় | কর প্রণোদনা বা অতিরিক্ত কর |
|---|---|---|
| ১। | ১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত | দ্রুত রিটার্ন দাখিলের জন্য করদাতা ধারা ১৭৩ এর উডপ-ধারা (২) এ উল্লিখিত পরিশোধযোগ্য করের ৫% ( পাঁচ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ হাজার) টাকা যা কম সে পরিমান কর প্রনোদনা পাবেন। |
| ২। | ১ অক্টোবর হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত | প্রণোদনা অথবা অতিরিক্ত কর কোনটিই প্রযোজ্য নয়। |
| ৩। | ১ জানয়ারী হতে ৩১ মার্চ পর্যন্ত | বিলম্বে রিটার্ন দাখিলের জন্য ধারা ১৭৩ এর উপ-ধার (২) এ উল্লিখিত পরিশোধযোগ্য করের ২% (দুই শতাংশ) অথবা ৩ (তিন হাজার) টাকা যা অধিক সে পরিমান অতিরিক্ত কর প্রযোজ্য হবে। |
| ৪। | ১ এপ্রিল হতে ৩০ জুন পর্যন্ত | বিলম্বে রিটার্ন দাখিলের জন্য ধারা ১৭৩ এর উপ-ধার (২) এ উল্লিখিত পরিশোধযোগ্য করের ৫% (পাঁচ শতাংশ) অথবা ৫ (পাঁচ হাজার) টাকা যা অধিক সে পরিমান অতিরিক্ত কর প্রযোজ্য হবে। |

(খ) পূর্বে কখনোই রিটার্ন দাখিল করেন নাই এরূপ স্বাভাবিক ব্যক্তি করদাতা সংশ্লিষ্ট কর বর্ষের জন্য প্রযোজ্য হারে আয়কর পরিশোধ করে আয়বর্ষ শেষ হবার পরবর্তী ৩০ জুন তারিখের মধ্যে রিটার্ন দাখিল করতে পারবেন।
(গ) বিদেশে অবস্থানরত কোন স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে তার বাংলাদেশে প্রত্যাবর্তনের দিন হতে ৯০ (নব্বই) তম দিনের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করবেন, **যদি উক্তরূপ ব্যক্তি-**

(অ) উচ্চ শিক্ষার জন্য ছুটিতে অথবা চাকরির জন্য প্রেষণে বা লিয়েনে নিযুক্ত হয়ে বাংলাদেশের বাইরে অবস্থান করেন; বা
(আ) অর্থ উপার্জনের উদ্দেশ্যে বৈধ ভিসা এবং পারমিটধারী হয়ে বাংলাদেশের বাইরে অবস্থান করেন।

০৯। **নিরীক্ষাকরণঃ**
সঠিকভাবে বৈতনিক আয়করের টাকা হিসাবায়ন/কর্তনপূর্বক যথানিয়মে সংশ্লিষ্ট হিসাব খাতে জমা করা করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

১০। **কর পরিশোধের বিষয়টি এলপিসি-তে উল্লেখ এবং প্রত্যয়নপত্র সংগ্রহকরণঃ**
কোন করদাতা কর্মকর্তা/কর্মচারী অর্থবছরের যে কোন সময়ে বদলীজনিত কারণে বর্তমান কর্মস্থলে কত টাকা কর কর্তন করা হয়েছে তার (বিস্তারিত বিবরণসহ) প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।

১১। প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে কর প্রদান সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রিটার্নের সাথে দাখিল করতে হবে।

১২। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে কিংবা আদৌ কর বিবরণী (রিটার্ন) দাখিল না করার কারণে কর কর্তৃপক্ষ কর্তৃক যে কোন জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট করদাতাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৩। উল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক নির্ধারিত এক্সেল ফরমেটে ২০২৫-২০২৬ অর্থবছরের (করবছর ২০২৬-২০২৭) বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী YFTS (Yearly Final Income Tax Statement) প্রস্তুত করে ৩১-০৭-২০২৬ তারিখের মধ্যে ই-মেইলযোগে (dgmaccounts1@krishibank.org.bd) অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

১৪। **প্রসঙ্গত উল্লেখ্য যে অত্র পত্র জারির পরবর্তী সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর সংক্রান্ত কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন থাকলে তা পরবর্তীতে জানানো হবে এবং সে মোতাবেক ব্যবস্থাদি গ্রহন করতে হবে।**

১৫। বৈতনিক আয়কর সংক্রান্ত কোন তথ্যের জন্য অত্র বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| ক) জনাব মামুন হোসেন | ফিনান্সিয়াল এ্যানালিস্ট | ০১৭৫০-৩২১২৩৬ |
| খ) জনাব মোঃ আশরাফুল আলম | কর্মকর্তা | ০১৮২৫-৫০৮০৯৯ |

**সংযুক্তি ঃ সংশোধিত কম্পিউটেশন সীট।**

আপনার বিশ্বস্ত

১৫.০৬.২০২৬

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

**নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২৫-২৬/** ১৮০২

তারিখঃ ১৫-০৬-২০২৬খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। **পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।**
৬। নথি/মহানথি।

১৫.০৬.২০২৬

( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

(কম্পিউটেশন শীট)

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## ২০২৫-২০২৬ অর্থ বছরের (২০২৬-২০২৭ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নির্ধারণ বিবরণী (৩০ জুন, ২০২৬ পর্যন্ত)

নাম ঃ | পিএফ নম্বর ঃ | পদবী ঃ | ঠিকানা ঃ

পিতা/স্বামীর নাম ঃ | মাতার নাম ঃ | আয়কর সার্কেল ঃ | আয়কর জোন ঃ

*জাতীয় পরিচয় পত্র নং (যদি থাকে )*

*ই-টিআইএন নং*

| খাত | বিবরণ | টাকার পরিমাণ | |
|---|---|---|---|
| | | কর অব্যাহতি প্রাপ্ত আয় | করযোগ্য আয় |

**(ক) আয় ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | মূল বেতন | | |
| ২। | বিশেষ সুবিধা | | |
| ৩। | বাড়ীভাড়া ভাতা | | |
| ৪। | চিকিৎসা ভাতা | | |
| ৫। | শিক্ষা সহায়ক ভাতা | | |
| ৬। | বোনাস (উৎসব ও উৎসাহ)/এক্সগ্রেসিয়া | | |
| ৭। | বৈশাখী ভাতা | | |
| ৮। | ব্যাংকিং ডিপ্লোমা পুরস্কার | | |
| ৯। | যাতায়াত ভাতা | | |
| ১০। | আপ্যায়ন ভাতা | | |
| ১১। | অন্যান্য ভাতা (শ্রান্তি বিনোদন ভাতা/অন্যান্য ভাতা যদি থাকে) | | |
| | সর্বমোট বেতন আয় | | |

**(খ) মোট আয়করের পরিমাণ ঃ**

| | | |
|---|---|---|
| ১। | প্রথম ৩,৭৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (পুরুষ)<br>প্রথম ৪,২৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ০% হারে (মহিলা)<br>তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী করদাতার ৫,০০,০০০/- টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>গেজেটভূক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং গেজেটভুক্ত জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এ আহত "জুলাই যোদ্ধা" ৫,২৫,০০০/- টাকা পর্যন্ত আয়কর মুক্ত<br>প্রতিবন্ধী ব্যক্তির পিতা মাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত আয়সীমা ৫০,০০০/- টাকা বেশী হবে। তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন | |
| ২। | পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% হারে | |
| ৩। | পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% হারে | |
| ৪। | পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% হারে | |
| ৫। | পরবর্তী ২০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২৫% হারে | |
| ৬। | অবশিষ্ট মোট আয়ের উপর ৩০% হারে | |
| ৭। | সর্বমোট আয়ের উপর কর | |

**(গ) অনুমোদিত খাতে প্রকৃত বিনিয়োগ (আয়কর আইন, ২০২৩ এর ষষ্ঠ তফসিল, অংশ-৩) ঃ**

| | | |
|---|---|---|
| ১। | নিজ/স্বামী/স্ত্রী/নাবালক সন্তানের জীবন বীমার প্রিমিয়াম প্রদান (বীমা মূল্যের ১০%) | |
| ২। | হিন্দু অবিভক্ত পরিবারের ক্ষেত্রে পুরুষ সদস্য অথবা তার স্ত্রীর জীবন বীমার প্রিমিয়াম প্রদান (বাংলাদেশে পরিশোধিত) | |
| ৩। | সরকারি কর্মচারীদের বার্ষিক বৃত্তি অথবা তার স্ত্রী/সন্তানদের নিরাপত্তার জন্য কর্তনকৃত অর্থ | |
| ৪। | সরকারি কর্মকর্তা-কর্মচারী কর্তৃক তাদের প্রভিডেন্ট ফান্ডে জমা করা অর্থ | |
| ৫। | ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা এবং কর্মচারীর সম্মিলিত চাঁদা জমা | |
| ৬। | অনুমোদিত বার্ধক্য তহবিলে করদাতার দেয়া বার্ষিক চাঁদা | |
| ৭। | (ক)অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকার কোন সরকারি সিকিউরিটিজ ক্রয় (সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারী বিল, বন্ড, সঞ্চয়পত্র, ঋণপত্র, সুকুক) | |
| | (খ)অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকার ইউনিট সার্টিফিকেট/মিউচুয়াল ফান্ড/ইটিএফ ক্রয় | |
| | (গ)যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে ডিপোজিট পেনশন স্কীমে অর্থ জমা (বার্ষিক সর্বোচ্চ ১,২০,০০০/-টাকা) | |
| ৮। | এসইসি এর অধীনে পরিচালিত কোন স্টক এক্সচেঞ্জের সহিত তালিকাভূক্ত সিকিউরিটিজ ক্রয় | |
| ৯। | অনুমোদিত দাতব্য হাসপাতালে প্রদত্ত অনুদান যা সিটি কর্পোরেশন এলাকার বাহিরে অবস্থিত | |
| ১০। | প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত অনুমোদিত কোন প্রতিষ্ঠানে অনুদান প্রদান | |
| ১১। | যাকাত তহবিল/যাকাত তহবিল ব্যবস্থাপনা আইন-২০২৩ এ প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান | |
| ১২। | স্ত্রী/সন্তান/নির্ভরশীল কারো জন্য অনুমোদিত কল্যাণ তহবিল (বদান্য)/যৌথ বীমা প্রিমিয়াম প্রদান | |
| ১৩। | সরকার অনুমোদিত জনকল্যাণমূলক/শিক্ষা প্রতিষ্ঠানে দেয়া অনুদান | |
| ১৪। | স্বাধীনতা যুদ্ধ স্মরণে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান | |
| ১৫। | অনুমোদিত অন্যান্য অনুদান | |
| ১৬। | মোট প্রকৃত বিনিয়োগ | |

**(ঘ) কর রেয়াত (আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৮) ঃ**

| | | |
|---|---|---|
| | মোট করযোগ্য আয়ের ৩% অথবা মোট প্রকৃত বিনিয়োগের ১০% অথবা ৭.৫০ লক্ষ টাকা - এ তিনটির মধ্যে যা কম তাই কর রেয়াত | |
| (ঙ) | মোট প্রদেয় আয়কর {(খ)৭ - (ঘ)} | |

**(চ) মোট অগ্রিম আয়কর (আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৫৩) ঃ**

| | | |
|---|---|---|
| | ব্যক্তিগত মোটরযানের অগ্রিম কর | |

**(ছ) নীট প্রদেয় আয়কর ঃ**

| | | |
|---|---|---|
| | নীট প্রদেয় কর {(ঙ) - (চ)}<br>**মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করিলে ন্যূনতম করের পরিমাণ হইবে ৫,০০০ (পাঁচ হাজার টাকা), তবে নতুন করদাতাগণের ক্ষেত্রে এইরূপ ন্যূনতম করের পরিমাণ হইবে ১,০০০ (এক হাজার টাকা);** | |

*ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)*

*করদাতার স্বাক্ষর (সীলসহ)*
*মোবাইল নম্বর-*